

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৪২

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২/৪৭ খারিজীদের বর্ণনা ও তাদের বৈশিষ্ট্য।

ذكر الخوارج وصفاتهم

আরবী

حديث أبي سَعِيد الْخُدْرِيِّ رضي الله عنه، قَالَ: بَيْنَمَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُوَ يَقْسِمُ قَسْمًا، أَتَاهُ ذُو الْخُويْصِرَةِ، وَهُوَ رَجُلٌ مِنْ بَنِي تَمِيمٍ فَقَالَ: يَا رَسُولَ اللهِ اعْدِلُ فَقَالَ: وَيْلُكَ وَمَنْ يَعْدِلُ إِذَا لَمَ أَعْدِلُ قَدْ خِبْتَ وَخَسِرْتَ إِنْ لَمْ أَكُنْ رَسُولَ اللهِ النَّذَنْ لِي فِيهِ، فَأَصْرِبَ عُنَقَهُ فَقَالَ: دَعْهُ، فَإِنَّ لَهُ أَصِحْابًا أَعْدِلُ فَقَالَ عُمْرُ: يَا رَسُولَ اللهِ النَّذَنْ لِي فِيهِ، فَأَصْرِبَ عُنَقَهُ فَقَالَ: دَعْهُ، فَإِنَّ لَهُ أَصِحْابًا يَحْقِرُ أَحَدُكُمْ صَلَاتَهُمْ، مَعَ صَلَاتِهِمْ، وَصِيامهُ مَعَ صِيامِهِمْ، يَقْرَءُونَ الْقُرْآنَ، لاَ يُجَاوِزُ يَكُمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّة، يُنْظَرُ إِلَى نَصْلِهِ، فَلاَ يُوجَدُ فِيهِ شَيْءٌ؛ ثُمَّ يُنْظَرُ إِلَى نَصْلِهِ، فَلاَ يُوجَدُ فِيهِ شَيْءٌ؛ ثُمَّ يُنْظَرُ إِلَى رَصافِهِ، فَلاَ يُوجَدُ فِيهِ شَيْءٌ؛ ثُمَّ يُنْظَرُ إِلَى نَصْلِهِ، وَهُو قِدْحُهُ، فَلاَ يُوجَدُ فِيهِ شَيْءٌ؛ ثُمَّ يُنْظَرُ إِلَى رَصافِهِ، فَلاَ يُوجِدُ فِيهِ شَيْءٌ؛ ثُمَّ يُنْظَرُ إِلَى وَعَدُونَ عَلَى اللّهُ صَعْدِي فَوْ اللّهُ الْبُضْعُةِ تَدَرْدَرُ وَيَخْرُجُونَ عَلَى وَجَدْ فَيهِ شَوْدُ اللّهِ صَلَى اللّهِ صَلَّى اللّهِ عَلَيْهِ وَسَلَّمَ، وَلَا الْمَدِيثَ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَأَلَا مَعَهُ فَأَمْرَ بذلِكَ الرَّجُل، فَالْتُمِسَ فَأَتِي بهِ وَسَلَّمَ، وَأَلْ مَعَهُ فَأَمْرَ بذلِكَ الرَّجُل، فَالْتُمِسَ فَأْتِي بهِ وَسَلَّمَ، وَأَلَا مَعَهُ فَأَمْرَ بذلِكَ الرَّجُل، فَالْتُمِسَ فَأْتِي بهِ،

বাংলা

৬৪২. আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত ছিলাম। তিনি কিছু গনীমতের মাল বন্টন করছিলেন। তখন বানু তামীম গোত্রের জুলখোয়াইসিরাহ্ নামে এক ব্যক্তি এসে হাযির হল এবং বলল, হে আল্লাহর রাসূল! আপনি ইনসাফ করুন। তিনি বললেন তোমার দুর্ভাগ্য! আমি যদি ইনসাফ না করি, তবে ইনসাফ করবে কে? আমি তো নিক্ষল ও ক্ষতিগ্রস্ত হব

حَتَّى نَظَرْتُ إِلَيْهِ عَلَى نَعْتِ النّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّذِي نَعَتَهُ



যদি আমি ইনসাফ না করি। 'উমার (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আমাকে অনুমতি দিন আমি এর গর্দান উড়িয়ে দিই। তিনি বললেন, একে ছেড়ে দাও। তার এমন কিছু সঙ্গী সাথী রয়েছে আমাদের কেউ তাদের সালাতের তুলনায় নিজের সালাত এবং সিয়াম নগণ্য বলে মনে করবে।

এরা কুরআন পাঠ করে, কিন্তু কুরআন তাদের কণ্ঠনালীর নীচে প্রবেশ করে না। তারা দ্বীন হতে এমনভাবে বেরিয়ে যাবে যেমন তীর ধনুক হতে বেরিয়ে যায়। তীরের অগ্রভাগের লোহা দেখা যাবে কিন্তু কোন চিহ্ন পাওয়া যাবে না। কাঠের অংশ দেখলে তাতেও কিছু পাওয়া যাবে না। মাঝের অংশ দেখলে তাতেও কিছু পাওয়া যাবে না। তার পালক দেখলে তাতেও কোন চিহ্ন পাওয়া যায় না। অথচ তীরটি শিকারী জন্তর নাড়িভুঁড়ি ভেদ করে রক্তমাংস পার হয়ে বেরিয়ে গেছে। এদের নিদর্শন হল এমন একটি কালো মানুষ যার একটি বাহু নারীর স্তনের মত অথবা মাংস খণ্ডের মত নড়াচড়া করবে। তারা লোকদের মধ্যে বিরোধ কালে আত্মপ্রকাশ করবে।

আবূ সাঈদ (রাঃ) বলেন, আমি সাক্ষয দিচ্ছি যে, আমি স্বয়ং আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হতে এ কথা শুনেছি। আমি এ-ও সাক্ষয দিচ্ছি যে, 'আলী ইবনু আবু তালিব (রাঃ) এদের সঙ্গে যুদ্ধ করেছেন। আমিও তার সঙ্গে ছিলাম। তখন 'আলী (রাঃ) ঐ লোককে খুঁজে বের করতে আদেশ দিলেন। খোঁজ করে যখন আনা হল আমি মনোযোগের সঙ্গে তাকিয়ে তার মধ্যে ঐ সব চিহ্নগুলি দেখতে পেলাম, যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন।

ফুটনোট

সহীহ বুখারী, পর্ব ৬১: মর্যাদা ও গুণাবলী, অধ্যায় ২৫, হাঃ ৩৬১০; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ৪৭, হাঃ ১০৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন